

চবি-বাকৃবিতে হামলার প্রতিবাদে জবি শিক্ষার্থীদের বিক্ষোভ

জবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে

(বাকৃবি) শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে বিক্ষোভ করেছে

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

রবিবার (৩১ আগস্ট) রাত সাড়ে ১০টায় শান্ত চতুর থেকে বিক্ষোভ

মিছিল শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে সংক্ষিপ্ত

সমাবেশের মাধ্যমে শেষ হয়। এ সময় শিক্ষার্থীরা সন্ত্রাসবিরোধী

নানা স্লোগান দেন।

সমাবেশে শিক্ষার্থী মাসুদ রানা বলেন, ‘গণ অভ্যুত্থানের পর আমরা

নিরাপদ ক্যাম্পাস আশা করেছিলাম।

কিন্তু উল্টো শিক্ষার্থীদের ওপরই হামলা চলছে। জুলাই অভ্যুত্থানে

আমরা সাহসী ভূমিকা রেখেছিলাম, এখনো ফ্যাসিবাদী শক্তির

ষড়যন্ত্র মোকাবেলা করতে প্রস্তুত।’

আরেক শিক্ষার্থী নূর নবী বলেন, ‘আজকের অরাজকতার প্রেসক্রিপশন আসে ভারত থেকে। সরকারের উপদেষ্টা চবিতে হামলার দায় স্বীকার করলেও কোনো কার্যকর পদক্ষেপ দেখা যাচ্ছে না।

,

শাখা ছাত্রশিবির সভাপতি রিয়াজুল ইসলাম বলেন, ‘চবি ও বাকুবিতে হামলা স্পষ্টতই সন্ত্রাসী কর্মকাণ্ড। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যকর ভূমিকা নেই। ছাত্র সমাজ সর্বশক্তি দিয়ে হলেও ছাত্র সংসদ নির্বাচন কার্যকর করবে।’